



# ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

## MORNING NEWS BULLETIN

DATE: 20-03-2024

TIME: 7:35 AM

---

সুপ্রিম কোর্ট নাগরিকত্ব সংশোধনী আইন বাস্তবায়নের ক্ষেত্রে স্থগিতাদেশ জারি করার বিষয়ে অধীকার করেছে। গতকাল নাকরিকত্ব সংশোধনী আইন সম্পর্কীত মামলার শুনানি গ্রহণ করে আগামী দোসরা এপ্রিলের মধ্যে আবেদনকারী ও সরকার পক্ষকে লিখিত প্রতিবেদন জমা করার নির্দেশ দিয়েছে। এছাড়া আগামী ৮ ই এপ্রিলের মধ্যে সরকারকে শপথনামা দাখিল করারও নির্দেশ জারি করা হয়েছে। ৯ই এপ্রিল এই আইনের স্থগিতাদেশ সম্পর্কে পরবর্তী শুনানি গ্রহণ করা হবে। এই আইনের ক্ষেত্রে আসাম ও ত্রিপুরার সঙ্গে জড়িত মামলার জন্য পৃথক শুনানি গ্রহণ করা হবে বলেও সর্বোচ্চ আদালত জানিয়েছে। উল্লেখ্য এই আইনের স্থগিতাদেশ চেয়ে আসাম বিধানসভায় বিরোধী দলনেতো দেবৰত শহিকিয়া সহ অসম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদ ও সারা আসাম ছাত্র সংস্থা, আসু আবেদন দাখিল করেছিল।

---

লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ের জন্য আজ অনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে। প্রথম পর্যায়ে ১৭ টি রাজ্য ও ৪ টি কেন্দ্র শাসিত অঞ্চলের মোট ১২০ টি আসনের জন্য ভোট গ্রহণ করা হবে। প্রথম পর্যায়ে আসামের পাঁচটি সহ তামিলনাড়ুর ৩৯ টি, রাজস্থানের ১২টি, উত্তর প্রদেশের ৮ টি, মধ্যপ্রদেশের ছয়টি, উত্তরাখণ্ড ও মহারাষ্ট্রের ৫ টি করে, মণিপুর, মেঘালয় ও অরুণাচল প্রদেশের দুটি করে, মিজোরাম, নাগাল্যান্ড, ত্রিপুরা, সিকিম, ছত্তিশগড়, আন্দামান ও নিকোবর দীপপুঞ্জ, জন্ম ও কাশ্মীর, লাক্ষ্মণ্যংশ ও পদ্মচূরীতে একটি করে আসনের জন্য ভোটগ্রহণ করা হবে। আগামী ২৭ শে মার্চ পর্যন্ত মনোনয়ন পত্রগুলি জমা করা যাবে। আগামী ১৯ শে এপ্রিল প্রথম পর্যায়ের জন্য ভোট গ্রহণ করা হবে। দেশে মোট ৭ টি পর্যায়ে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

---

নির্বাচন কমিশন ভোটের সময়কালে বিভিন্ন ধরনের প্রত্যাহানের মুখোমুখী হবার জন্য যথাযত পরিকল্পনা গ্রহণ করেছে। অর্থবল, বাহুবল সহ ভুয়ো তথ্য প্রচার ও হিংসা তথা নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘন করার মতো ঘটনা এই সময়কালে ঘটতে পারে বলে নির্বাচন কমিশন আশৎকা প্রকাশ করেছে। স্পর্শকাতর অঞ্চলগুলিতে সন্তান্য যেকোনো ধরণের পরিস্থিতির মোকাবিলা করার জন্য পর্যাপ্ত কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর ব্যবস্থা করা হয়েছে। জেলাগুলিতে সমন্বিত নিয়ন্ত্রণ কক্ষ ও স্থাপন করা হয়েছে। স্পর্শকাতর ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে।

---

আসন্ন লোকসভা নির্বাচন অবাধ, সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য করিমগঞ্জ জেলা আয়ত্তের কার্যালয়ে একটি কপ্ট্রোল রুম খোলা হয়েছে। কপ্ট্রোল রুমের টোল ফ্রি নম্বর হচ্ছে ১৯৫০ এবং টেলিফোন নম্বর হচ্ছে ০৩৮৪৩- ২৬৫১৪৪। নির্বাচন সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য এই দুটি নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া জেলার কোথাও নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ জানানো যাবে।

---

হাইলাকান্দি জেলার ভোটার সচেতনতা ও নির্বাচনী সেলের পক্ষ থেকে গতকাল আয়নাখাল চা বাগান সহ পার্শ্ববর্তী এলাকায় জনসাধারণের মধ্যে সচেতনতা গড়ে তুলতে একটি অভিযান চালানো হয়েছে। অতিরিক্ত আযুক্ত পূজা দাওলাগপুর নেতৃত্বে চালানো এই অভিযানে সংশ্লিষ্ট এলাকার ভোটারদের সঙ্গে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে মত বিনিময় করা হয়। অভিযানে বিশেষ করে নতুন ভোটার, মহিলা ভোটার ও প্রবীণ ভোটারদের ভোটদানের আহ্বান জানানো হয়।

---

কাছাড়ের অতিরিক্ত জেলা আযুক্ত পোষ্টাল ব্যালট সম্পর্কে তথ্য প্রকাশ করে জানান যে নির্বাচনের কাজে জড়িত ভোট কর্মীরা পোষ্টাল ব্যালটের মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। শিলচর সদর রাজস্ব চক্র আধিকারীকের কার্যালয়ের পোষ্টাল ব্যালট পেপার সেল থেকে আবেদন পত্র সংগ্রহ করতে হবে। সেলাটি সকাল ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত খোলা থাকে। আগামী সাত এপ্রিলের মধ্যে পোষ্টাল ব্যালটের জন্য আবেদন জানানো যাবে।

---

আসন্ন লোকসভা নির্বাচন অবাধ , সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য করিমগঞ্জ জেলা আয়ত্তের কার্যালয়ে একটি কন্ট্রুল রুম খোলা হয়েছে । কন্ট্রুল রুমের টোল ফ্রি নম্বর হচ্ছে ১৯৫০ এবং টেলিফোন নম্বর হচ্ছে ০৩৮৪৩- ২৬৫১৪৪ । নির্বাচন সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য এই দুটি নম্বরে যোগাযোগ করা যাবে । এছাড়া জেলার কোথাও নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ জানানো যাবে ।

---

করিমগঞ্জ জেলার সমবায় সমিতি ও করিমগঞ্জ জেলার ন্যায্য মূল্যের দোকান মালিকদের যৌথ সভা গতকাল জেলা গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হয় । সভায় বক্তারা সমবায় সমিতি একটি স্বেচ্ছামূলক স্বশাসিত সংগঠন যা নিজেদের আর্থ-সামাজিক উন্নয়নের সংগে অংশীদারিত্বের ভিত্তিতে গনতান্ত্রিকভাবে নিয়ন্ত্রিত ব্যবসা ন্যায্যমূল্যের দোকানগুলির মাধ্যমে দরিদ্রদের কাছে ন্যায্য মূল্যে খাদ্য শস্য সরবরাহ করা হয় বলে উল্লেখ করেন । সভায় করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ , উত্তর করিমগঞ্জের বিধায়ক কমিলাক্ষ দে পুরকায়স্থ , মিশন রঞ্জন দাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---